

কেন চোখের জলে ভিজিয়ে দিলেম না শুকনো ধুলো যত !
কে জানিত আসবে তুমি গো অনাহুতের মতো ॥
পার হয়ে এসেছ মরু, নাই যে সেথায় ছায়াতরু—
পথের দুঃখ দিলেম তোমায় গো এমন ভাগ্যহত ॥
আলসেতে বসে ছিলেম আমি আপন ঘরের ছায়ে,
জানি নাই যে তোমায় কত ব্যথা বাজবে পায়ে পায়ে ।
ওই বেদনা আমার বুকে বেজেছিল গোপন দুখে—
দাগ দিয়েছে মর্মে আমার গো গভীর হৃদয়ক্ষত ॥

Parjaay: Puja, Taal: Dadra, Raag: Pilu-Bhimpalasi
Visit www.geetabitan.com for notation and other detail